

আজ ১৭দলের
মহামিছিল
মহানগরে

নিজস্ব প্রতিনিধি: কলকাতা, ১৮ ডিসেম্বর– দেশের
ধর্মনিরপেক্ষ গণতান্ত্রিক কাঠামো ধ্বংস করা এবং
ধর্মীয় বিভাজনের লক্ষ্যে গৃহীত নাগরিকত্ব সংশোধনী
আইন ও এনআরসি'র বিরুদ্ধে বৃহস্পতিবার কলকাতায়
কেন্দ্রীয় মিছিল ও জমায়েত করবে ১৭টি বামপন্থী ও
সহযোগী দল। বিকাল ৪টায় মৌলালি রামলীলা পার্কে
জমায়েত হয়ে এই মিছিল শুরু হবে। বামফ্রন্ট
চেয়ারম্যান বিমান বসুসহ বাম ও সহযোগী দলগুলির
নেতৃবৃন্দ এবং অনেক বিশিষ্ট ব্যক্তি এই মিছিলে
অংশগ্রহণ করবেন। কলকাতা লাগোয়া জেলাগুলির
সমস্ত ধর্মনিরপেক্ষ গণতান্ত্রিক মানুষকে এই মিছিলে
অংশ নেওয়ার আহ্বান জানিয়েছেন ১৭টি দলের
নেতৃবৃন্দ। বিমান বসু জানিয়েছেন, একইসঙ্গে
নিত্যপ্রয়োজনীয় জিনিসের অগ্নিমূল্যের বিরুদ্ধে এবং
আগামী ৮জানুয়ারি দেশব্যাপী সাধারণ ধর্মঘটের
পক্ষেও এই মিছিল সরব হবে।

প্রসঙ্গত, ৫টি বামপন্থী দলের পক্ষ থেকে সর্বভারতীয়
স্তরে ১৬-১৮ডিসেম্বর এই সংশোধনীর বিরুদ্ধে প্রচার
এবং ১৯ডিসেম্বর দেশের সর্বত্র সমাবেশ ও বিক্ষোভ
সংগঠিত করার কর্মসূচি নেওয়া হয়েছে। সর্বভারতীয়

কর্মসূচির সঙ্গে সঙ্গতি রেখে এ রাজ্যে ১৭টি বামপন্থী ও সহযোগী দলের পক্ষ থেকে বিভিন্ন ধরনের প্রতিবাদী কর্মসূচি নেওয়া হয়েছে। গত ১৬, ১৭, ১৮ ডিসেম্বর ৩ দিনব্যাপী রাজ্যের শহরাঞ্চলের ওয়ার্ডে ওয়ার্ডে এবং গ্রামাঞ্চলে পঞ্চায়েত ভিত্তিক ব্যাপক প্রচার কর্মসূচি নেওয়া হয়েছে। ব্যাপক অংশের মানুষ এতে সাড়া দিয়েছেন। গত ১৬ ডিসেম্বর রাজারহাট ও বনগাঁয় ১৭ দলের পক্ষ থেকে ডিটেনশন ক্যাম্প তৈরির চক্রান্তের প্রতিবাদে সমাবেশ ও ডেপুটেশন হয়েছে। বৃহস্পতিবার বিকাল ৪ টায় মৌলালি রামলীলা পার্কে সমবেত হয়ে মিছিল শুরু হবে। মিছিল যাবে এজেসি বোস রোড-মল্লিক বাজার-পার্ক স্ট্রিট-পার্ক সার্কাসে শেষ হবে।

মিছিল হবে জেলায় জেলায়। বীরভূমের সিউড়ি ও রামপুরহাট থানার পুলিশ আইন-শৃঙ্খলার অবনতির অজুহাত দেখিয়ে মিছিল করার অনুমতি দেয়নি। যদিও মিছিল হবে সংবিধান রক্ষার দাবিতে, স্বাধীনতা সংগ্রামীদের শহীদীবরণের দিনে। পুলিশ অনুমতি না দিলেও বৃহস্পতিবার সারা রাজ্যের সঙ্গে সিউড়ি ও রামপুরহাটে মিছিল করবে সিপিআই (এম)। পুলিশের এই অবস্থান নজরে আসায় সিপিআই(এম)-এর রাজ্য সম্পাদক সূর্য মিশ্র বলেছেন, সংবিধান রক্ষার দাবিতে

সারা দেশেই বামপন্থীরা মিছিল, প্রতিবাদ সভা করার কর্মসূচি নিয়েছে। সেই কর্মসূচির অঙ্গ হিসেবে রাজ্যজুড়েও হবে প্রতিবাদ সভা, মিছিল। এখানে মিছিল, মিটিং বাধা দেওয়ার জন্য সক্রিয় তৃণমূল। বাগাড়ম্বর করলেও বিজেপি বিরোধী কোনও আন্দোলনই তৃণমূল এখানে করতে দিতে চায় না।

এদিকে, দেশের ধর্মনিরপেক্ষ সংবিধানকে রক্ষার জন্য ১৯ ডিসেম্বর বামপন্থী ও সহযোগী দলের মহামিছিলে शामिल হবার আহ্বান জানিয়ে বুধবার কলকাতার বিভিন্ন এলাকায় প্রচার কর্মসূচি সংগঠিত করেছে সিপিআই(এম) সহ বামপন্থী ছাত্র-যুব গণসংগঠনের কর্মীরা। এদিন জোড়াসাঁকো এলাকায় মিছিল সংগঠিত করা হয়। সংবিধান বিরোধী কাল কানুন বাতিলের দাবিতে এপিসি রোড সংলগ্ন সরস্বতী প্রেসের সামনে পথসভা অনুষ্ঠিত হয়। ১৯ ডিসেম্বর সম্প্রীতির মিছিলে আপামর মানুষকে शामिल হওয়ার আহ্বান জানিয়ে ৯৩ নম্বর ওয়ার্ডে সভা সংগঠিত করেন সিপিআই(এম) কর্মী-সমর্থকরা। দেশের মানুষকে ভাগ করার চক্রান্তের লক্ষ্যে কাল আইন বাতিলের দাবিতে ব্যাঙ্ক অব ইন্ডিয়া মোড়ে বি ক্ষোভ সভা সংগঠিত করেন সিআইটিইউ কর্মীরা, কসবায় মিছিল সংগঠিত হয়। কাল কানুনের প্রতিলিপি পুড়িয়ে এদিন বাঘাঘতীন

এলাকায় বিক্ষোভ দেখান এসএফআই কর্মীরা। ১৯
ডিসেম্বর ঐক্যের মিছিলে মানুষকে शामिल হওয়ার
আহ্বান জানিয়ে বেহালা, বেলেঘাটা, শ্যামবাজার,
শ্যামপুকুর, খিদিরপুর, মেটিয়াবুরুজ সহ কলকাতার
বিভিন্ন এলাকায় প্রচার কর্মসূচি সংগঠিত করা হয়েছে।